

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 07-04-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Home minister meeting :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জম্মু অঞ্চলে সন্তাসবাদী কার্যকলাপ দ্রুত নিয়ন্ত্রন করা হবে বলে ঐ রাজ্যের BJP বিধায়ক এবং বরিষ্ঠ দলীয় নেতৃত্বকে আশ্বস্ত করেছেন। জম্মু-কাশ্মিরে স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনতে কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলেও তিনি জানান। ত্রিকুটা নগরে দলের সদর দপ্তরে দু' ঘন্টা ব্যাপী এই বৈঠকে ২৮ জন BJP বিধায়ক সহ কেন্দ্রীয় মন্ত্রী ড: জিতেন্দ্র সিং এবং শীর্ষ আধিকারিকরা উপস্থিত ছিলেন। তিনদিনের জম্মু-কাশ্মির সফরে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী গতকাল জম্মুতে গিয়ে পৌঁছেছেন। সেখানে তিনি বেশ কয়েকটি উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাসও করবেন।

President Visit :

রাষ্ট্রপতি দ্রুপদী মুর্মু পর্তুগাল ও স্লোভাকিয়া সফরের প্রথম ধাপে লিসবন গিয়ে পৌঁছেছেন। এই সফরে তিনি পর্তুগালের রাষ্ট্রপতি মার্সেলো রেভেলো ডে সোসার সাথে বৈঠকে মিলিত হবেন। এর পাশাপাশি তিনি সে দেশের প্রধানমন্ত্রী লুইস মন্টেনেগ্রো এবং সংসদের অধ্যক্ষের সাথেও মিলিত হবেন। লিসবন -এর মেয়র রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু -র সম্মানে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছেন। পর্তুগালে অবস্থানকালে রাষ্ট্রপতি সে দেশে বসবাসরত ভারতীয় সম্প্রদায়ের

সাথেও মিলিত হবেন। দু' দেশের ৫০ বছরের দ্বিপাক্ষিক বন্ধনকে আরো সুদৃঢ় করতেই রাষ্ট্রপতির এই সফর। আগামী ৯ ও ১০ এপ্রিল রাষ্ট্রপতি মুর্মু স্লোভাকিয়া সফর করবেন। গত ২৯ বছরে এই প্রথম ভারতের রাষ্ট্রপতি স্লোভাকিয়া সফরে যাচ্ছেন।

CM-Water:

জল জীবন মিশনের আওতায় রাজ্য শীঘ্রই ১০০ শতাংশ নলের জল সংযোগে সাফল্য অর্জন করবে বলে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আশা প্রকাশ করেছেন। গতকাল আগরতলায় সাইবাবা মন্দিরে রামনবমী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণের পর সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, রাজ্যে বর্তমানে ৮৭ শতাংশ বাড়িতে নলের জল সংযোগ পৌঁছে গেছে। তিনি জানান, পাহাড়ি অঞ্চলে মাটির নিচে জলের অভাব রয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার বৃষ্টির জল সংরক্ষণ করে রাখার প্রকল্প বাস্তবায়ন করছে।

PRESS CLUB :

আগরতলা প্রেস ক্লাবের নতুন পরিচালন কমিটি গঠিত হয়েছে। আগামী দু' বছরের জন্য নির্বাচিত ১১ জনের কমিটিতে সভাপতি পদে প্রণব সরকার, সহ-সভাপতি পদে চিত্র রায়, সম্পাদক রমাকান্ত দে এবং দুই সহ-সম্পাদক পদে কমল চৌধুরী ও অভিষেক দে নির্বাচিত হয়েছেন। রিটার্নিং অফিসার সন্দীপ দত্ত চৌধুরী গতকাল রাতে জানান, নির্বাচনে মোট ২৩০ জন সাংবাদিক ভোট

দিয়েছেন | ভোট গণনার পর সন্ধ্যায় নির্বাচনের ফল ঘোষণা করা হয় | এর আগে বার্ষিক সাধারণ সভায় আলোচনা করেন বরিষ্ঠ সাংবাদিক সুবল দে, শেখর দত্ত প্রমুখ |

PM:

কেন্দ্র গত দশ বছরে দেশের সর্বত্র সংযোগ স্থাপনে পরিকাঠামো শক্তিশালী করার জন্য প্রচেষ্টা চালিয়ে গেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল তামিলনাড়ুতে পামবান Vertical Lift সেতুর উদ্বোধন করে একথা বলেন। সেই সঙ্গে ৮,৩০০ কোটি টাকার রেল ও সরক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। প্রধানমন্ত্রী প্রাক্তন রাষ্ট্রপতি আব্দুল কালামের কথা উল্লেখ করে বলেন, তাঁর জীবন আমাদের দেখিয়েছে বিজ্ঞান আধ্যাত্মিকতার সাথে যুক্ত। Vertical Lift সমুদ্র সেতুকে ২০ শতকের আশ্চর্য বলে অভিহিত করে তিনি প্রকৌশলীদের অভিনন্দন ও ধন্যবাদ জানান। শ্রী মোদী গত দশ বছরে বিভিন্ন সাফল্যের কথা উল্লেখ করে বলেন, দেশে সড়ক, বিমানবন্দর, জ্বালানি এবং পরিকাঠামোর জন্য বরাদ্দ ছয়গুন বৃদ্ধি পেয়েছে।

FIRE :

সিপাহীজলা জেলার সোনামুড়া বাজারে গতকাল রাত প্রায় ১ টা নাগাদ এক বিধবৎসী অগ্নিকান্ডে ৫ টি দোকান পুড়ে ছাই হয়ে যায়। ক্ষয়ক্ষতির পরিমাণ আনুমানিক ৪০ লক্ষ টাকা বলে জানিয়েছেন ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা। দমকলের ৩

টি ইঞ্জিন প্রায় দেড় ঘন্টায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয় | বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে এই আগুনের সূত্রপাত বলে ধারণা করা হচ্ছে |

BLOOD DONATION :

রাজ্যের বিশিষ্ট চিকিৎসক প্রয়াত সুমন্ত দত্তের স্মৃতিতে গতকাল এক স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয় | রাজধানীর IMA অফিসে এই রক্তদান শিবিরে মোট ৩৫ জন স্বেচ্ছায় রক্তদান করেন |

FIRST DIVISION CRICKET :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সন্তোষ স্মৃতি প্রথম ডিভিশন ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হচ্ছে | মোট ৮ টি ক্লাব এই আসরে অংশ নেবে | উদ্বোধনী দিনে আজ তিনটি মাঠে খেলা হবে। লিগ ভিত্তিতে এই আসর আগামী ২৬ এপ্রিল পর্যন্ত চলবে |

Weather :

আজকের আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। দু'এক জায়গায় বজ্রবিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে |

আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। আজ ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ০.৪ মিলিমিটার।
